# BCS প্রিলি. লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

লেকচার ১১

## Lecture Contents

ব্যাকরণ-৫

- ❑ কারক ও বিভক্তি
- ❑ ছন্দ
- ❑ সম্বন্ধ ও সম্বোধন পদ

# কারক

### প্রাথমিক আলোচনা

কারক শব্দের অর্থ, যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নাম পদের যে সম্বন্ধ হয় তাকে কারক বলে।

কারক শব্দের গঠন- কৃ + ণ্বক (অক) = কারক। সুতরাং কারক প্রত্যয় সাধিত।

যেমন- রনি ফুটবল খেলছে এখানে 'খেলছে' একটি ক্রিয়াপদ। 'খেলছে' ক্রিয়াপদের সঙ্গে 'রনি' নামক নামপদের সম্বন্ধ হয়েছে। এই সম্বন্ধ বা সম্পর্কই কারক।

### কারকের প্রকারভেদ

**কারক ছয় প্রকার। যথা:**

| | |
|---|---|
| ১। কর্তৃকারক | ২। কর্মকারক |
| ৩। করণ কারক | ৪। সম্প্রদান কারক |
| ৫। অপাদান কারক | ৬। অধিকরণ কারক |

নবম-দশম শ্রেণীর নতুন বোর্ড বই ব্যাকরণ অনুযায়ী সম্প্রদান কারক নেই কিন্তু সম্বন্ধ কারক আছে।

### কারক মনে রাখার শর্ট টেকনিক:

প্রশ্ন কর " কে বা কারা" কর্তা বাবু দেবে সাড়া,
প্রশ্ন কর " কি বা কাকে"কর্ম দিবে উত্তর তাকে
"কি দিয়ে" আর "কিসের দ্বারা" করণ কারক দেবে সাড়া
কর্ম যদি পায় গো দান, তবেই হবে সম্প্রদান
"কোথা থেকে"প্রশ্ন করলে অপাদানে উত্তর দিবে
'কবে' 'কোথায়' আর 'কখন' তবেই হবে অধিকরণ।

### কর্তৃকারক

বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তাকে কর্তৃকারক বলে। যেমন-

ক) মিতা নাচে। [ মিতা কর্তৃকারক]
খ) হাবিব কবিতা লেখে। [ হাবিব কর্তৃকারক]

ক্রিয়ার সঙ্গে 'কে' বা 'কারা' যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তা-ই কর্তৃকারক।

**কর্তৃকারকের প্রকারভেদ-**

১) ক্রিয়া সম্পাদনের বৈচিত্র্য ও বৈশিষ্ট্য অনুযায়ী কর্তৃকারক চার প্রকার। যথা- ক) মুখ্য কর্তা খ) প্রযোজক কর্তা গ) প্রযোজ্য কর্তা ঘ) ব্যতিহার কর্তা

**মুখ্য কর্তা:** যে নিজেই ক্রিয়া সম্পাদন করে তাকে মুখ্য কর্তা বলে। যেমন– সুমন ক্রিকেট খেলছে।

**প্রযোজক কর্তা:** মূল কর্তা যখন অন্যকে দিয়ে কোন কাজ করায় তখন তাকে প্রযোজক কর্তা বলে। যেমন- শিক্ষক ছাত্রদের পড়াচ্ছেন।

**প্রযোজ্য কর্তা:** মূল কর্তার করণীয় কার্য যাকে দিয়ে সম্পাদিত হয় তাকে প্রযোজ্য কর্তা বলে।
যেমন- মা ছেলেকে ভাত খাওয়াচ্ছেন।

**ব্যতিহার কর্তা:** কোন বাক্যে যখন দুজন কর্তা একত্রে একজাতীয় কাজ করে তখন তাকে ব্যতিহার কর্তা বলে। যেমন- রাজায় রাজায় লড়াই। বাঘে-মহিষে একই ঘাটে জল খায়।

বাক্যের প্রকাশভঙ্গি অনুযায়ী কর্তা তিন প্রকারের হতে পারে। যথা–

ক) কর্মবাচ্যের কর্তা (কর্মপদ প্রাধান্য পায়)।
যেমন- পুলিশ দ্বারা চোর ধৃত হয়েছে।
খ) ভাববাচ্যের কর্তা (ক্রিয়ার প্রাধান্যসূচক বাক্য)।
যেমন– আমার যাওয়া হবে না।
গ) কর্ম-কর্তৃবাচ্যের কর্তা (কর্মপদই কর্তৃস্থানীয়)।
যেমন- ঘড়িটা চলে ভাল।

### কর্তৃ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

❑ **প্রথমা (শূন্য) বিভক্তি:**

১. রাফি বই পড়ে।
২. মামা ঢাকা গেছে।

৩. জল পড়ে, পাতা নড়ে।
৪. বাঁশি বাজে।
৫. পরীক্ষা এলেই তার চোখে জল ঝরে।
৬. নগরে রাজা এলো।
৭. এক যে ছিল রাজা।
৮. স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়।
৯. কোকিল ডাকে।
১০. চাঁদ বুঝি তা জানে।
১১. গুণহীন চিরদিন থাকে না পরাধীন।
১২. শ্রদ্ধাবান লভে জ্ঞান অন্যে কভু নয়।
১৩. পুলিশ চোর ধরেছে।
১৪. পাখি সব করে রব রাতি পোহাইল।
১৫. অর্থ অনর্থ ঘটায়।
১৬. মানুষ ভাবে এক, হয় আরেক।
১৭. রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।
১৮. মেয়েরা ফুল তোলে।
১৯. জেলে ভাই ধরে মাছ মেঘের ছায়ায়।

### ☐ দ্বিতীয়া বিভক্তি:

১. আমাকে যেতে হবে।
২. সোহানকে যেতে হবে।
৩. সকলকে মরতে হবে।
৪. তাকে দিয়ে কিছু হবে না।

### ☐ তৃতীয়া বিভক্তি:

১. তোমার দ্বারা এ কাজ হবে না সাধন।
২. ফেরদৌসী কর্তৃক শাহনামা রচিত হয়েছে।
৩. রাম কর্তৃক রাবণ নিহত হয়েছিল।

### ☐ চতুর্থী বিভক্তি:

১. আমাকে ভিক্ষা নেওয়া মানাবে না।

### ☐ পঞ্চমী বিভক্তি:

১. আমা হতে হবে না এ কাজ সাধন।

### ☐ ষষ্ঠী বিভক্তি:

১. আমার যাওয়া হয়নি।
২. আমার খাওয়া হয়নি।
৩. তোমার যাওয়া উচিত।
৪. কোথাও আমার হারিয়ে যেতে নেই মানা।
৫. দেবতার ধন কে যায় ফিরায়ে লয়ে।

### ☐ সপ্তমী বিভক্তি:

১. আমায় তুমি রক্ষা কর।
২. বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দিব কীসে?
৩. অন্ধজনে বন্ধ ঘরে, দিবা-রাত্রি কষ্ট করে।
৪. গাঁয়ে মানে না, আপনি মোড়ল।
৫. দশে মিলে করি কাজ।
৬. ভাইয়ে ভাইয়ে বেশ মিল।
৭. পাগলে কি না বলে।
৮. ছাগলে কি না খায়।
৯. চোরে না শুনে ধর্মের কাহিনি।
১০. পাছে লোকে কিছু বলে।
১১. ঘোড়ায় টানে।
১২. পণ্ডিতে পণ্ডিতে লড়াই চলে।
১৩. রতনে রতন চেনে।
১৪. চণ্ডীদাসে কয় শুনো পরিচয়।
১৫. গাধায় খায় পাকা কলা।
১৬. মানুষে ভাবে এক, হয় আরেক।
১৭. রাজায় রাজায় লড়াই, উলুখাগড়ার প্রাণান্ত।
১৮. বাপে না জিজ্ঞাসে, মায়ে না সম্ভাষে।
১৯. লোকে বলে।
২০. বাঘে-মহিষে খানা একঘাটে খাবে না।

## কর্ম কারক

যাকে আশ্রয় করে বা অবলম্বন করে কর্তা ক্রিয়া সম্পাদন করে তাকে কর্মকারক বলে।

বাক্যস্থিত ক্রিয়াকে 'কি' বা 'কাকে' দ্বারা প্রশ্ন করলে অধিকাংশ সময় কর্ম কারক পাওয়া যায়। যেমন-

ক) মামুন পত্রিকা পড়ে [পত্রিকা কর্মকারক]
খ) ঝুমুর ছবি আঁকছে [ছবি কর্মকারক]

**কর্মকারক দুই প্রকার-**

ক) মুখ্যকর্ম
খ) গৌণকর্ম

কখনও কখনও কোন ক্রিয়ার দুটি করে কর্ম থাকে। দুটির মধ্যে ক্রিয়াপদের সাথে যার মুখ্য সম্বন্ধ থাকে তাকে মুখ্যকর্ম বলে এবং ক্রিয়াপদের সাথে যার গৌণ সম্বন্ধ থাকে তাকে গৌণকর্ম বলে। সাধারণত মুখ্য কর্ম বস্তু বাচক ও গৌণ কর্ম প্রাণিবাচক হয়। গৌণ কর্মে বিভক্তি হয়। মুখ্য কর্মে হয় না। যেমন- মা শিশুকে (গৌণ) চাঁদ (মুখ্য) দেখাচ্ছেন।

### কর্মকারকের বিভিন্ন বিভক্তির ব্যবহার

### ☐ প্রথমা বিভক্তি:

১. ডাক্তার ডাক।
২. শুক্রবার স্কুল বন্ধ।
৩. আমি বই পড়ি।
৪. হামীম বই পড়ে।
৫. আমাকে একখানা বই দাও।
৬. আমার গানের মালা আমি করব কারে দান।
৭. ছেলেরা ক্রিকেট খেলে।
৮. সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা।
৯. কারক পড়ায় তারক ঠাকুর।
১০. অল্পবিদ্যা ভয়ংকরী, কথায় কথায় ডিকশনারি।
১১. ঐ দেখা যায় তালগাছ ঐ আমাদের গাঁ।
১২. কাননে কুসুমকলি সকলি ফুটিল।
১৩. কী সাহসে এমন কথা বলে।
১৪. এমন চোরের মতো বাঁচা বাঁচিতে চাই না।

১৫. কোথা সে ছায়া সখী কোথায় সে জল।
১৬. এমন মেয়ে আর দেখিনি।
১৭. বাজিল কাহার বীণা।
১৮. তুলি বাগানে ফুল তুলছে।
১৯. কষ্ট না করলে কেষ্ট মেলে না।
২০. জন্ম হোক যথা তথা কর্ম হোক ভালো।
২১. ছাত্ররা ক্রিকেট খেলে।
২২. ধৈর্য ধর, বাঁধ বুক।
২৩. পাহাড় নড়ায় সাধ্য কার।
২৪. হারি জিতি নাহি লাজ।
২৫. চাহিনা করিতে বাদ-প্রতিবাদ।
২৬. আমার স্বপন আধো জাগরণ।
২৭. যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে।
২৮. বাজনা বাজে।
২৯. একটি গান শোনাও।
৩০. মশা মারতে কামান দাগা।
৩১. সর্বাঙ্গ দংশিল মোর নাগ-নাগবালা।
৩২. কপোল ভসিয়া গেল নয়নের জলে।
৩৩. রবীন্দ্রনাথ গীতাঞ্জলি লিখেছেন।
৩৪. গত বিষয়ের জন্য শোক করিও না।
৩৫. প্রাণপণে চেষ্টা করো।
৩৬. খুব ঠকা ঠকেছি।
৩৭. চোর ধৃত হয়েছে।
৩৮. চিন্তা রোগের ওষুধ নেই।
৩৯. এমন ছেলে আর দেখিনি।
৪০. শুধু বিঘে দুই ছিল মোর ভুঁই।
৪১. যে নাচে তটিনী জল টলমল করে।
৪২. আমার ভাত খাওয়া হইলো না।
৪৩. ঘোড়া গাড়ি টানে।
৪৪. রবীন্দ্রনাথ পড়লাম, নজরুল পড়লাম, এর সুরাহা খুঁজে পেলাম না।

## ☐ দ্বিতীয়া বিভক্তি:

১. বাঁধনকে রাফি গতকাল মেরেছে।
২. রেখো মা দাসেরে মনে।
৩. তাকে বল।
৪. আমারে করহ তোমার বীণা।
৫. নাঈম ধোপাকে কাপড় ধুতে দিল।
৬. ঝিকে মেরে বৌকে শেখানো।
৭. দরিদ্র ধনীকে ঈর্ষা করে।
৮. দাসত্ব চিত্তকে সংকীর্ণ করে।
৯. বিশ্বাস বুদ্ধিকে হার মানায়।
১০. দেখে যেন মনে হয় চিনি উহারে।
১১. পারুল বনের চম্পারে মোর হয় জানা।
১২. মিথ্যারে করো না উপাসনা।
১৩. ধোপাকে কাপড় দাও।
১৪. রিয়াকে ডাক।
১৫. তোমাকে অনেক কথা শুনতে হবে।
১৬. দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে।
১৭. আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা।

## ☐ ষষ্ঠী বিভক্তি:

১. তোমার দেখা পেলাম না।
২. আমাদের একটি গল্প বলুন।
৩. এবারের সংগ্রাম দেশগড়ার/স্বাধীনতার সংগ্রাম।

## ☐ সপ্তমী বিভক্তি:

১. গুণহীনে ত্যাগ কর।
২. জিজ্ঞাসিব জনে জনে।
৩. আমার গানের মালা আমি করব কারে দান।
৪. না মরে পাষাণ বাপ দিলা হেন বরে।
৫. পুলিশে খবর দাও।
৬. ফুলদল দিয়া কাটিলা কি বিধাতা শাল্মলী তরুবরে।
৭. এর অধীনে দায়িত্বভার অর্পণ করুন।
৮. বিপদে যেন করিতে পারি জয়।
৯. তোমায় দেখলেও পাপ।
১০. প্রিয়জনে যাহা দিতে চাই তাই দিই দেবতারে।

নবম-দশম শ্রেণির নতুন ব্যাকরণ অনুযায়ী সম্প্রদান কারককে কর্ম কারকের অন্তর্ভুক্ত করা হয়েছে। সংস্কৃতে সম্প্রদান কারক রয়েছে। বাংলাতে সম্প্রদান কারক ও কর্ম কারকের মধ্যে তেমন কোনো পার্থক্য নেই। বিধায়, সম্প্রদান কারক এখন কর্ম কারক হিসেবে গণ্য হবে। তবে প্রশ্নে যদি কর্ম কারক না থাকে সেক্ষেত্রে সম্প্রদান কারক দিতে হবে। পূর্বে যেসব বাক্য সম্প্রদান কারক হিসেবে প্রচলিত ছিল তার উদাহরণ নিম্নে দেওয়া হলো:

## ☐ শূন্য বিভক্তি:

১. আলো চাই, অন্ন চাই, চাই মুক্তবায়ু।
২. দিব তোমা শ্রদ্ধাভক্তি।
৩. ভিক্ষা দাও দুয়ারে দাঁড়ায়ে ভিক্ষুক।

## ☐ চতুর্থী বিভক্তি:

১. দেশের জন্য প্রাণ দাও।
২. ভিক্ষুককে ভিক্ষা দাও।
৩. তোমার পতাকা যারে দাও, তারে বহিবারে দাও শক্তি।

## ☐ ষষ্ঠী বিভক্তি:

১. তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি।
২. দেশের জন্য প্রাণ দাও।

## ☐ সপ্তমী বিভক্তি:

১. সৎপাত্রে কন্যা দান কর।
২. পলাতক দাসে দাও স্বাধীনতা।
৩. সমিতিতে চাঁদা দাও।
৪. গৃহহীনে গৃহ দাও।
৫. গুরুজনে ভক্তি কর।
৬. অন্নহীনে অন্ন দাও।
৭. আমায় একটু আশ্রয় দিন।
৮. তোমায় কেন দেইনি আমার সকল শূন্য করে।
৯. মৃতজনে দেহ প্রাণ।
১০. অন্ধজনে দয়া কর।
১১. শিক্ষককে শ্রদ্ধা কর।

## করণ কারক

করণ শব্দের অর্থ যন্ত্র / সহায়ক / উপায়। অর্থাৎ যা দিয়ে ক্রিয়া সম্পাদন হয় তাকে করণ কারক বলে। যেমন-

ক) আমরা কানে শুনি [ 'কানে' করণ কারক]
খ) মন দিয়ে বিদ্যা অর্জন কর ['মন' দিয়ে করণ কারক]
ক্রিয়াকে 'কি দিয়ে/কি দ্বারা' প্রশ্ন করলে করণ কারক পাওয়া যায়।

### করণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

**প্রথমা বিভক্তি:**

১. ছাত্ররা বল খেলে।
২. তাস খেলে কত ছেলে পড়া নষ্ট করে।
৩. রনি তাস খেলে।
৪. অহংকার পতনের মূল।
৫. তাহলে তুমি লাঠি খেলতে জান না।
৬. ঘোড়াকে চাবুক মার।
৭. শ্রম বিনা ধন লাভ হয় না।
৮. বুদ্ধি খাটিয়ে কাজ কর।
৯. ডাকাতেরা গৃহস্বামীর মাথায় লাঠি মেরেছে।
১০. নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা।
১১. বগুড়ার চিনিপাতা দই সুস্বাদু।

**তৃতীয়া বিভক্তি:**

১. লাঙল দ্বারা জমি চাষ করা হয়।
২. মন দিয়া কর সবে বিদ্যা উপার্জন।
৩. শাক দিয়ে মাছ ঢেকো না।

**পঞ্চমী বিভক্তি:**

১. এ প্রার্থনা হতে পাপ দূর হবে না।

**ষষ্ঠী বিভক্তি:**

১. হাতের কাজ দেখাও।
২. কালির দাগ দাও।
৩. আত্মার সম্পর্কই আত্মীয়।
৪. তোমার গায়ে নখের আঁচরও লাগবে না।
৫. লাঠির ঘায়ে সাপটি মারা পড়ল।
৬. যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে।

**সপ্তমী বিভক্তি:**

১. আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়।
২. কথা নয়, কাজে পরিচয়।
৩. ব্যায়ামে শরীর ভালো হয়।
৪. চেষ্টায় সব হয়।
৫. এ সাধনায় সিদ্ধি লাভ হয়।
৬. লোকটা জাতিতে বৈষ্ণব।
৭. এই কলমে ভালো লেখা হয়।
৮. শিকারি বিড়াল গোঁফে চেনা যায়।
৯. ফুলে ফুলে ঘর ভরেছে।
১০. তিনি চোখে দেখেন না।
১১. হাতে না মেরে ভাতে মারব।
১২. 'এত শঠতা, এত যে ব্যথা, তবুও যেন তা মধুতে মাখা।'
১৩. নৌকায় নদী পার হলাম।
১৪. সে কি আপন রঙে মন রাঙাবে?
১৫. নতুন ধান্যে হবে নবান্ন।
১৬. টাকায় অসাধ্য সাধন হয়।
১৭. ফলে বৃক্ষের পরিচয়।
১৮. কী সাহসে ওখানে গেলে।
১৯. অর্থে অনর্থ ঘটে।
২০. অল্প শোকে কাতর অধিক শোকে পাথর।
২১. বিনা জ্বালে ভাত হয় না।
২২. অণুতে গঠিত হিমালয়।
২৩. কোদালে মাটি কাটব।
২৪. কাঁথায় শীত মানে না।
২৫. ধর্মের কল বাতাসে নড়ে।
২৬. জ্যোৎস্নাতে আলোকিত এই রাত্রি।
২৭. টানে এক আঁকে বক।
২৮. তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে।
২৯. ব্যবহারেই ইতরভদ্র চেনা যায়।
৩০. তাকে হাতে না মারলেও ভাতে মারব।
৩১. টাকায় কি না হয়।
৩২. জগতে কীর্তিমান হও সাধনায়।
৩৩. আলোয় আঁধার দূর হয়।
৩৪. অহংকারে পতন ঘটে।
৩৫. আমারি সোনার ধানে গিয়েছে ভরি।
৩৬. আগুনে সেঁক দাও।
৩৭. গানে গানে মন ভরেছে।
৩৮. জটাতে তাপস চিনি।
৩৯. শরতে ধরাতল শিশিরে ঝলমল।
৪০. সোজা পথে চল না কেন?
৪১. জাহাজে সাগর পার হওয়া যায়।
৪২. বিষ্ণু বাবুর এঁদোপুকুর মাছে ভরে গেছে।
৪৩. আলোয় আঁধার কাটে।
৪৪. এ সুতায় কাপড় হয় না।

## সম্প্রদান কারক

যাকে স্বত্ব ত্যাগ করে কোন কিছু দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা বোঝায় তাকে 'সম্প্রদান কারক' বলে। যেমন- ভিখারিকে ভিক্ষা দাও। এ বাক্যে ভিখারিকে স্বত্ব ত্যাগ করেই দান করা হয়- তাই 'ভিখারিকে' সম্প্রদান কারক। 'কাকে' এ প্রশ্ন করে ক্রিয়াপদের সাথে সম্প্রদান কারকের সম্পর্ক বের করতে হয়। গরিবকে কাপড় দাও। এখানে কাকে দেবে? 'গরীবকে'। ফলে গরীবকে সম্প্রদান কারক।

যেখানে নিজের জিনিস অপরকে দান করা হয় সেখানেই প্রকৃত সম্প্রদান কারক হয়। দান না বোঝালে সম্প্রদান কারকের প্রশ্নই উঠে না। যেমন- 'ধোপাকে কাপড় দাও'। এখানে ধোপাকে কাপড় দান করা বোঝায় না, ধোপাকে কাপড় কাঁচতে দেয়া বোঝায়। 'চাকরকে বেতন দাও' 'সরকারকে কর দাও' এসব ক্ষেত্রে সম্প্রদান কারক হয় না।

বাংলায় কর্মকারক ও সম্প্রদান কারকের বিভক্তি একরকম হওয়ায় সম্প্রদান কারককে কর্মকারকের অন্তর্গত করার পক্ষে অনেকে গুরুত্ব দিয়েছেন।

**বি. দ্র. সম্প্রদান কারকে কখনও দ্বিতীয়া বিভক্তি হয় না, সবসময় চতুর্থী বিভক্তি হয়।**

**স্বত্বহীন দান**

| | |
|---|---|
| সমিতিতে চাঁদা দাও। | সম্প্রদানে ৭মী। |
| সৎপাত্রে কন্যা দান কর। | সম্প্রদানে ৭মী। |
| ভিখারিকে ভিক্ষা দাও। | সম্প্রদানে ৪র্থী। |
| সর্বভূতে ধন দাও। | সম্প্রদানে ৭মী। |
| ভিক্ষুককে ভিক্ষা দাও। | সম্প্রদানে ৪র্থী। |
| দরিদ্রকে ধন দাও। | সম্প্রদানে ৪র্থী। |
| তোমায় কেন দেই নি আমার সকল শূন্য করে | সম্প্রদানে ৭মী। |
| তোমাকে সঁপিনু মোর যাহা কিছু প্রিয়। | সম্প্রদানে ৪র্থী। |
| গৃহহীনে গৃহ দিলে আমি থাকি ঘরে। | সম্প্রদানে ৭মী। |
| গৃহহীনে গৃহ দাও। | সম্প্রদানে ৭মী। |
| অন্ধজনে দেহ আলো। | সম্প্রদানে ৭মী। |
| ক্ষুধার্তকে অন্ন দাও। | সম্প্রদানে ৪র্থী। |
| মৃতজনে দেহ প্রাণ। | সম্প্রদানে ৭মী। |

**নিঃস্বার্থ কাজ**

| | |
|---|---|
| আমায় একটু আশ্রয় দিন। | সম্প্রদানে ৭মী। |
| গুরুজনে কর নতি। | সম্প্রদানে ৭মী। |
| তাই দিই দেবতারে। | সম্প্রদানে ৪র্থী। |
| দীনে দয়া কর। | সম্প্রদানে ৭মী। |
| দিব তোমা শ্রদ্ধাভক্তি। | সম্প্রদানে শূন্য। |
| সর্বজনে দয়া কর। | সম্প্রদানে ৭মী। |
| সকল কর্মফল ভগবানে অর্পণ কর। | সম্প্রদানে ৭মী। |
| দেবতার ধন কে যায় ফিরায়ে লয়ে। | সম্প্রদানে ৬ষ্ঠী। |
| প্রিয়জনে যাহা দিতে পাই, তাই দিই দেবতারে | সম্প্রদানে ৭মী। |
| সকল কর্মফল ভগবানে অর্পণ কর। | সম্প্রদানে ৭মী। |
| সর্বশিষ্যে জ্ঞান দেন গুরুমহাশয়। | সম্প্রদানে ৭মী। |

**নিমিত্তার্থে সম্প্রদান**

| | |
|---|---|
| সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু। | নিমিত্তার্থে ৬ষ্ঠী। |
| বেলা যে পড়ে এলো জলকে চল। | নিমিত্তার্থে ৪র্থী। |
| জলকে চল। | নিমিত্তার্থে ৪র্থী। |
| তারা তীর্থে যাত্রা করল। | সম্প্রদানে ৭মী। |

## অপাদান কারক

যে কারকে ক্রিয়ার উৎস নির্দেশ করা হয়, তাকে অপাদান কারক বলে। এই কারকে সাধারণত 'হতে', 'থেকে' ইত্যাদি অনুসর্গ শব্দের পর বসে। যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকে অপাদান কারক বলে।

ক্রিয়ার সঙ্গে 'কোথা হতে/কী হতে/কীসের হতে' যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই অপাদান কারক। যেমন: জমি থেকে ফসল পাই। কাপটা উঁচু টেবিল থেকে পড়ে ভেঙে গেল।

| অপাদান | প্রয়োগ |
|---|---|
| বিচ্যুত | গাছ থেকে পাতা পড়ে। মেঘ থেকে বৃষ্টি পড়ে। |
| গৃহীত | শুক্তি থেকে মুক্তো মেলে। দুধ থেকে দই হয়। |
| জাত | জমি থেকে ফসল পাই। খেজুরের রসে গুড় হয়। টাকায় টাকা হয়। |
| বিরত | পাপে বিরত হও। |
| দূরীভূত | দেশ থেকে পঙ্গপাল চলে গেছে। |
| রক্ষিত | বিপদে মোরে রক্ষা কর। |
| আরম্ভ | সোমবার থেকে পরীক্ষা শুরু। |
| ভীত | আমি কি ডরাই সখী ভিখারি রাঘবে। বাঘকে ভয় পায় না কে? |
| স্থান ত্যাগ | গাড়ি স্টেশন ছাড়ে। |
| দর্শন | ছাদ থেকে নদী দেখা যায়। |
| শ্রুত | লোকমুখে খবর পেলাম। |

### অপাদান কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

**প্রথমা বিভক্তি:**

১. স্কুল পালিয়ে রবীন্দ্রনাথ হওয়া যায় না।
২. মনে পড়ে সেই জ্যৈষ্ঠের দুপুরে পাঠশালা পলায়ন।
৩. গাড়ি স্টেশন ছাড়ল।
৪. বোঁটা-আলগা ফল গাছে থাকে না।
৫. তার চোখ দিয়ে পানি পড়ে।
৬. ক্রোধ থেকে জন্মে মোহ, মোহ থেকে পাপ।
৭. ট্রেন স্টেশন ছেড়েছে।
৮. সে দুবাই ঘুরে এসেছে।

**দ্বিতীয়া বিভক্তি:**

১. সে তোমাকে ভয় পায়।
২. বাবাকে ভয় পায়।
৩. ভূতকে আবার কীসের ভয়।

**পঞ্চমী বিভক্তি:**

১. কালো মেঘ থেকে বৃষ্টি হয়।
২. ধর্ম থেকে বিচলিত হয়ো না।
৩. ধন হইতে সুখ হয় না।

**ষষ্ঠী বিভক্তি:**

১. বর্ষাকালে সাপের ভয়।
২. বাদলের ধারা ঝরে ঝরঝর।
৩. যেখানে বাঘের ভয়, সেখানে সন্ধ্যা হয়।
৪. সেখানে বাঘের ভয় নেই।
৫. বাগান ফুলের গন্ধে ভরপুর।

**সপ্তমী বিভক্তি:**

১. টাকায় টাকা হয়।
২. মেঘে বৃষ্টি হয়।
৩. বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা।
৪. সাদা মেঘে বৃষ্টি হয় না।
৫. অধ্যয়নে বিরত হতে নেই।

৬. কত ধানে কত চাল তা আমি জানি।
৭. জলে বাষ্প হয়।
৮. তর্কে বিরত হও।
৯. আচার-ব্যবহারে ভদ্র-অভদ্র চেনা যায়।
১০. দুধে ছানা হয়।
১১. তিলে তৈল হয়।
১২. পরের মুখে শেখা বুলি।
১৩. কুকর্মে বিরত থাক।
১৪. সব ঝিনুকে মুক্তা মেলে না।
১৫. লোভে পাপ পাপে মৃত্যু।
১৬. আমি কি ডরাই সখী ভিখারি রাঘবে?
১৭. বজ্রে তোমার বাজে বাঁশি।
১৮. পরাজয়ে ডরে না বীর।
১৯. পাপে বিরত হও।

ক) বস্তুর রূপান্তর ঘটলে অপাদান কারক হয়।
যেমন– তিলে তৈল হয়।

খ) ভিতর থেকে বাইরে গেলে অপাদান কারক হয়।
যেমন– স্কুল পালানো ভাল নয়।
**[বি. দ্র. বাইরে থেকে ভেতরে গেলে অধিকরণ কারক হয়।]**
যেমন– আমি স্কুলে যাব।

গ) দূরত্ব বোঝালে অপাদান কারক হয়।
যেমন– ঢাকা থেকে যশোর তিনশো কিলোমিটার দূরে।

ঘ) তারতম্য বোঝালে অপাদান কারক হয়।
যেমন– মেহেদীর চেয়ে হাসান লেখাপড়ায় ভাল।

ঙ) কালবাচক শব্দের ক্ষেত্রে অপাদান কারক হয়।
যেমন– তিন দিন ধরে আমি জ্বরে ভুগছি।

চ) আধার– স্বর্গ থেকে পুষ্প বর্ষিত হল।

## অপাদান কারকের গুরুত্বপূর্ণ কিছু উদাহরণ

### উৎস, উৎপাদন, রূপান্তর:

| | |
|---|---|
| ১. ফুলের গন্ধে ঘুম আসে না। | - অপাদানে ষষ্ঠী। |
| ২. মেঘ থেকে বৃষ্টি হয়। | - অপাদানে ৫মী। |
| ৩. সাদা মেঘে বৃষ্টি হয় না। | - অপাদানে ৭মী। |
| ৪. সব ঝিনুকে মুক্তা পাওয়া যায় না। | - অপাদানে ৭মী। |
| ৫. সুখের চেয়ে শান্তি ভাল। | - অপাদানে ৬ষ্ঠী। |
| ৬. লোক মুখে এ কথা শোনা যায়। | - অপাদানে ৭মী। |
| ৭. লোভে পাপ পাপে মৃত্যু। | - অপাদানে ৭মী। |
| ৮. মেঘে বৃষ্টি হয়। | - অপাদানে ৭মী। |
| ৯. দুধে ছানা হয়। | - অপাদানে ৭মী। |
| ১০. তিলে তৈল হয়। | - অপাদানে ৭মী। |
| ১১. জ্ঞানে বিমল আনন্দ লাভ হয়। | - অপাদানে ৭মী। |
| ১২. জলে বাষ্প হয়। | - অপাদানে ৭মী। |
| ১৩. চোখ দিয়া পানি পড়ে। | - অপাদানে ৩য়া। |
| ১৪. গাছে তক্তা হয়। | - অপাদানে ৭মী। |
| ১৫. কত ধানে কত চাল তা আমি জানি। | - অপাদানে ৭মী। |
| ১৬. এ জমিতে সোনা ফলে। | - অপাদানে ৭মী। |
| ১৭. এ মেঘে বৃষ্টি হয় না। | - অপাদানে ৭মী। |
| ১৮. সব ঝিনুকে মুক্তা মিলে না। | - অপাদানে ৭মী। |
| ১৯. চোখ দিয়ে জল পড়ে। | - অপাদানে ৩য়া। |
| ২০. কত ধানে কত চাল, সে আমি জানি। | - অপাদানে ৭মী। |
| ২১. পড়ায় বিরত হয়ো না। | - অপাদানে ৭মী। |

### চ্যুত, বিচ্যুত, নির্গমণ:

| | |
|---|---|
| ০১. ট্রেনটি ঢাকা ছাড়ল। | – অপাদানে শূন্য। |
| ০২. স্কুল পালাইও না। | – অপাদানে শূন্য। |
| ০৩. রোজ রোজ কলেজ পালাও কেন? | – অপাদানে শূন্য। |
| ০৪. পরীক্ষা আসিল তাই চোখে জল পড়ে। | – অপাদানে ৭মী। |
| ০৫. গাড়ি ঢাকা ছাড়ল। | – অপাদানে শূন্য। |
| ০৬. গাড়ি স্টেশন ছাড়ল। | – অপাদানে শূন্য। |
| ০৭. করিলাম মন শ্রীবৃন্দাবন বারেক আসিব ফিরে। | – অপাদানে শূন্য। |
| ০৮. মাতৃস্নেহ স্বর্গ হতে আসে। | – অপাদানে শূন্য। |
| ০৯. হিমালয় হতে গঙ্গা প্রবাহিত। | – অপাদানে ৫মী। |

### বিরত, রক্ষিত, ভীত:

| | |
|---|---|
| ১. আমি কি ডরাই সখী ভিখারী রাঘবে? | – অপাদানে ৭মী। |
| ২. কুকর্মে বিরত হও। | – অপাদানে ৭মী। |
| ৩. চোরের ভয়ে ঘুম আসে না। | – অপাদানে ৬ষ্ঠী। |
| ৪. তোমাকে আমার ভয় হয়। | – অপাদানে ২য়া। |
| ৫. তর্কে বিরত হও। | – অপাদানে ৭মী। |
| ৬. ধর্ম হতে বিচলিত হয়ো না। | – অপাদানে ৫মী। |
| ৭. পরাজয়ে ডরে না বীর। | – অপাদানে ৭মী। |
| ৮. পাপে বিরত হও। | – অপাদানে ৭মী। |
| ৯. বিপদে মোরে রক্ষা কর। | – অপাদানে ৭মী। |
| ১০. বাবাকে বড্ড ভয় পাই। | – অপাদানে ২য়া। |
| ১১. ভূতকে আবার কীসের ভয়? | – অপাদানে ২য়া। |
| ১২. যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়। | – অপাদানে ৬ষ্ঠী। |

## অধিকরণ কারক

যে স্থানে বা যে সময়ে ক্রিয়া সম্পাদিত হয় তাকে অধিকরণ কারক বলে।
যেমন– পড়ুয়ারা ক্লাসে পড়ে ['ক্লাসে' অধিকরণ কারক]
অধিকরণ কারকের প্রকারভেদ– অধিকরণ কারক তিন প্রকার।
যথা– ক) কালাধিকরণ খ) আধারাধিকরণ গ) ভাবাধিকরণ

**ক) কালাধিকরণ:** ক্রিয়া সম্পাদনের কালকে/সময়কে প্রকাশ করে।
যেমন– ক) কাল সকালে এসো। খ) বসন্তে ফুল ফোটে।

**খ) আধারাধিকরণ:** ক্রিয়া সম্পাদনের স্থানকে প্রকাশ করে।
যেমন– ক) পুকুরে মাছ আছে। খ) তুমি এই পথে যেয়ো।

**গ) ভাবাধিকরণ:** যদি কোন ক্রিয়াবাচক বিশেষ্য অন্য কোন ক্রিয়ার কোনরূপ অভিব্যক্তি প্রকাশ করে তখন তাকে ভাবাধিকরণ বলে।
যেমন– ক) সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।
খ) কান্নায় শোক মন্দীভূত হয়।

ভাবাধিকরণ কারকে সবসময় ৭মী বিভক্তি থাকে বলে ইহাকে ভাবে ৭মী বলা হয়।

**আধারাধিকরণ আবার তিন প্রকার:**

যথা–

ক) ঐকদেশিক-বিরাট স্থানের কোন এক অংশ জুড়ে থাকে।
**যেমন:** আকাশে মেঘ আছে, পুকুরে মাছ আছে।

খ) অভিব্যাপক– সমস্ত স্থান জুড়ে থাকে।
**যেমন:** তিলে তৈল আছে, ঘরে আলো আছে।

গ) বৈষয়িক– বিষয়ভিত্তিক বা বিশেষ বিষয়ে পরাদর্শী বোঝাতে।
**যেমন:** তুষার রাজনীতিতে খুব দক্ষ। রাহাত অংকে ভালো কিন্তু ইংরেজিতে দুর্বল।

**বৈষয়িক অধিকরণ:**

| | |
|---|---|
| ১. শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে। | অধিকরণে ৭মী। |
| ২. পাঠে মনোযোগ দাও। | অধিকরণে ৭মী। |
| ৩. পড়াতে তার মন বসে না। | অধিকরণে ৭মী। |
| ৪. ত্যাগে তিনি নিরহংকার। | অধিকরণে ৭মী। |
| ৫. তাহার ধর্মে মতি আছে। | অধিকরণে ৭মী। |
| ৬. কাজে মন দাও। | অধিকরণে ৭মী। |
| ৭. সৌন্দর্যে কার না রুচি আছে। | অধিকরণে ৭মী। |
| ৮. অতিবড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ। | অধিকরণে ৭মী। |

**ভাবাধিকরণ:**

| | |
|---|---|
| ১. কান্নায় শোক মন্দীভূত হয়। | ভাবে ৭মী। |

## অধিকরণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

**প্রথমা বিভক্তি:**

১. শুক্রবার স্কুল বন্ধ।
২. আগামীকাল বাড়ি যাব।
৩. তিনি বাড়ি আছেন।
৪. পরের দিন উৎসব।
৫. আমি ঢাকা যাব।
৬. আকাশ আজি মেঘলা যেয়ো নাকো একলা।
৭. একদিন যাবো।
৮. সারা রাত বৃষ্টি হয়েছে।
৯. এ সময় তার দেখা মেলা ভার।
১০. কী করি আজ ভেবে না পাই।
১১. বাড়ি ঘুরে এসো।

**দ্বিতীয়া বিভক্তি:**

১. হৃদয় আমার নাচেরে আজিকে।
২. আজকে নগদ কালকে ধার।

**তৃতীয়া বিভক্তি:**

১. **খিলিপান** (এর ভিতরে) দিয়ে ঔষধ খাবে।

**পঞ্চমী বিভক্তি:**

১. বাড়ি থেকে নদী দেখা যায়।

**সপ্তমী বিভক্তি:**

১. প্রভাতে উঠিল রবি লোহিত বরণ।
২. **আষাঢ়ে** বৃষ্টি নামে।
৩. অঙ্গে আঁচল সুনীল বরণ, রুনুঝুনু রবে বাজে আভরণ।
৪. এ **দেহে** প্রাণ নেই।
৫. সূর্যোদয়ে অন্ধকার দূরীভূত হয়।
৬. খনিতে সোনা পাওয়া যায়।
৭. কূলে একা বসে আছি নাহি ভরসা।
৮. সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা।
৯. পড়ায় আমার মন বসে না।
১০. গাছে কাঁঠাল গোঁফে তেল।
১১. শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।
১২. সরোবরে পদ্ম ফোটে।
১৩. **সর্বাঙ্গে** ব্যথা, ঔষধ দিব কোথা।
১৪. কাননে কুসুম কলি সকলি ফুটিল।
১৫. রাজার দুয়ারে হাতি বাঁধা।
১৬. ধর্মে তোমার মতি হোক।
১৭. পাতায় পাতায় পড়ে নিশির শিশির।
১৮. গগনে গরজে মেঘ ঘন বরষা।
১৯. আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস।
২০. পৃথিবীতে কে কাহার?
২১. পুকুরে মাছ আছে।
২২. মাঠে ধান ফলেছে।
২৩. তিলে তৈল আছে।
২৪. গোয়ালে গরু আছে।
২৫. ঘরেতে ভ্রমর এল গুনগুনিয়ে।
২৬. আয়ু যেন পদ্ম পাতায় নীড়।
২৭. আমরা রোজ স্কুলে যাই।
২৮. তিনি ব্যাকরণে পণ্ডিত।
২৯. এ জমিতে সোনা ফলে।
৩০. কাজে মন দাও।
৩১. দিনে দিনে শুধু বাড়িতেছে দেনা।
৩২. ত্যাগে তিনি নিরহংকার।
৩৩. থালায় এজহার দাও।
৩৪. বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।
৩৫. রাতে মশা দিনে মাছি, এই নিয়ে শহরে আছি।
৩৬. রহিম বিজ্ঞানে ভালো।
৩৭. পড়াশোনায় মন দাও।
৩৮. সোহেল অঙ্কে খুব কাঁচা।
৩৯. কান্নায় শোক কমে।
৪০. আপন পাঠেতে মন করহ নিবেশ।

**মনে রাখার জন্য ছন্দে ছন্দে কারক**

যে করে সে কর্তা
কর্তা যা করে তা কর্ম।
কর্তাকে সাহায্য করা করণের ধর্ম,
শর্ত ত্যাগ করে করিলে দান,
তা কারক হবে সম্প্রদান।
হতে, থেকে, চেয়ে অপাদান হয়।
স্থান, কাল, পাত্র অধিকরণ কারক হয়।



## এক কথায় উত্তর

১. কারক শব্দে অর্থ কী?
উত্তর: যা ক্রিয়া সম্পাদন করে।

২. কারক কত প্রকার?
উত্তর: ৬ প্রকার।

৩. ভাববাচ্যের কর্তা কিসের প্রাধান্য থাকে?
উত্তর: ক্রিয়ার প্রাধান্য থাকে।

৪. বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে নাম পদের যে সমন্ধকে কি বলে?
উত্তর: কারক।

৫. কারক — সাধিত।
উত্তর: প্রত্যয়।

৬. কারক শব্দটি বিশ্লেষণ করলে হয়-
উত্তর: কৃ + ণক।

৭. বিভক্তি কত প্রকার?
উত্তর: ৭ প্রকার।

৮. বিভক্তি স্পষ্ট না হলে সেখানে কোন বিভক্তি হয়?
উত্তর: শূন্য বিভক্তি।

৯. হতে, থেকে, চেয়ে কোন বিভক্তির উদাহরণ?
উত্তর: পঞ্চমী।

১০. 'মানুষে ভাবে এক, হয় আর এক'। এখানে মানুষে কোন কারক?
উত্তর: কর্তৃকারক।

১১. এমন মেয়ে আর দেখিনি। এখানে মেয়ে কোন কারকে কোন বিভক্তি?
উত্তর: কর্ম কারকে, প্রথমা বিভক্তি।

১২. আমার খাওয়া হলো না। এটি কোন বাচ্যের কর্তা?
উত্তর: ভাববাচ্যের কর্তা।

১৩. হাসান বই পড়ে। এখানে বই কোন কারক?
উত্তর: কর্মকারক।

১৪. কালির দাগ দাও? কোন কারক?
উত্তর: করণ কারক।

১৫. 'জিজ্ঞাসিব জনে জনে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
উত্তর: কর্মে সপ্তমী।

১৬. সম্প্রদান কারকের অন্তর্ভুক্তি নিয়ে কার আপত্তি ছিল?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর।

১৭. প্রভাতে সূর্য ওঠে। প্রভাতে কোন কারক?
উত্তর: কালাধিকরণ।

১৮. আলোয় আধার দূর হয়। এখানে আলোয় কোন কারকে কোন বিভক্তি?
উত্তর: অধিকরণ কারকে, ৭মী বিভক্তি।

১৯. টাকায় অসাধ্য সাধন হয় কোন কারক?
উত্তর: করণ কারক।

২০. লোভে পাপ পাপে মৃত্যু। এখানে লোভে কোন কারকে কোন বিভক্তি?
উত্তর: অপাদান কারকে, ৭মী বিভক্তি।



## Teacher's Work

১. 'দশে মিলে করি কাজ' বাক্যে 'দশে' কোন কারকে কোন বিভক্তি? [ডাক জীবনবীমার কম্পিউটার অপারেটর'২২; বাংলাদেশ রেলওয়ের খালাসী'২২; সোনালী ব্যাংক লি. সিনিয়র অফিসার'১৩]
ক কর্তৃকারকে ২য়া খ সম্প্রদান কারকে ৭মী গ কর্তৃকারকে ৭মী ঘ কর্তৃকারকে ৪র্থী — গ

২. দ্বারা, দিয়া কর্তৃক- বাংলা ব্যাকরণ অনুযায়ী কোন বিভক্তি? [৪০তম বিসিএস]
ক তৃতীয়া বিভক্তি খ প্রথমা বিভক্তি গ দ্বিতীয়া বিভক্তি ঘ শূন্য বিভক্তি — ক

৩. 'দেবতার ধন কে যায় ফিরায়ে লয়ে' এ বাক্যে 'দেবতার' পদটি- [প্রবাসী কল্যাণ ব্যাংক লি. সিনিয়র অফিসার'১৪]
ক সম্প্রদানে ষষ্ঠী খ সম্বন্ধে ষষ্ঠী গ কর্মে ষষ্ঠী ঘ কর্তায় ষষ্ঠী — ঘ

৪. বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে? [৪০তম বিসিএস]
ক বিভক্তি খ কারক গ প্রত্যয় ঘ অনুসর্গ — খ

৫. 'আমি বই পড়ি' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক কর্মে ১মা খ কর্মে শূন্য গ অপাদানে ১মা ঘ অধিকরণে ৫মী — খ

৬. 'জিজ্ঞাসিব জনে জনে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক কর্তায় সপ্তমী খ কর্মে সপ্তমী গ করণে পঞ্চমী ঘ অপাদানে সপ্তমী — খ

৭. 'আলোয় আঁধার কাটে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক অধিকরণে ৭মী খ করণে ৭মী গ অপাদানে ৭মী ঘ কর্তায় ৭মী — খ

৮. 'নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা'। বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক কর্মে শূন্য খ করণে শূন্য গ অপাদানে শূন্য ঘ সম্প্রদানে শূন্য — খ

৯. নিচের কোন বাক্যে করণ কারকে শূন্য বিভক্তি ব্যবহৃত হয়েছে?
ক ঘোড়াকে চাবুক মার খ ডাক্তার ডাক গ গাড়ি স্টেশন ছেড়েছে ঘ মুষলধারে বৃষ্টি পড়ছে — ক

# বিভক্তি

**বিভক্তি :** বাক্যের বিভিন্ন পদ বিশ্লেষণ করলে তার দুটি অংশ পাওয়া যায় এর একটি শব্দ অপরটি বিভক্তি। বিভক্তি বলতে সেসব বর্ণ বা বর্ণসমষ্টি বোঝায় যেগুলো শব্দের সাথে যুক্ত হয়ে বাক্য গঠনের জন্যে পদ সৃষ্টি করে এবং ক্রিয়াপদের সাথে অন্য পদের সম্পর্ক নির্ণয় করতে সাহায্য করে। যেমন- কলমে লেখ। এখানে 'কলম' এর সঙ্গে 'এ' বিভক্তি যুক্ত হয়েছে।

**বিভক্তির প্রকারভেদ :**

বিভক্তি বর্তমানে ২ প্রকার। যথা- ক. নাম বা শব্দ বিভক্তি, খ. ক্রিয়া বিভক্তি। যা পূর্বে ছিলো ৭ প্রকার (শব্দবিভক্তি)।

বিভক্তির প্রকারভেদ এবং বিভক্তি নির্ণয়ের কৌশল নিম্নের ছকের মাধ্যমে উল্লেখ করা হল-

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| প্রথমা/শূন্য | শূন্য / 'অ' | রা, এরা |
| দ্বিতীয়া | কে/ রে/ এরে/ | দিগে/ দিগকে / দিগেরে/ দের/ গুলিকে/ গুলোকে/ বৃন্দকে |
| তৃতীয়া | দ্বারা/ দিয়ে/কর্তৃক | দিগের দিয়া/ দের দিয়া/দিগ কতৃক/গুলির দ্বারা/ গুলি কর্তৃক/ গুলো দিয়ে |
| চতুর্থী | দ্বিতীয়ার মতো এবং তরে, জন্যে | দ্বিতীয়ার মত এবং দের তরে, দের জন্য |
| পঞ্চমী | হইতে/ থেকে/ চেয়ে | দিগ হইতে/ দের হইতে/ গুলির চেয়ে |
| ষষ্ঠী | র/ এর/ কার/ কের | দিগের/দের/গুলির/ গণের/ বৃন্দের |
| সপ্তমী | তে/ এ/ য়/ এতে/ কাছে/ মধ্যে | দিগে/ দিগেতে/ গুলিতে/ গণে/ গুলোতে |

## কারকে বিভক্তির ব্যবহার

### কর্তৃকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

ক) প্রথমা বা শূন্য বা 'অ' বিভক্তির ব্যবহার – মাসুদ বই পড়ে।

খ) দ্বিতীয়া বা 'কে' বিভক্তির ব্যবহার– মামুনকে যেতে হবে।

গ) তৃতীয়া বা 'দ্বারা' বিভক্তির ব্যবহার– রবীন্দ্রনাথ কর্তৃক গীতাঞ্জলি রচিত হয়েছে।

ঘ) ষষ্ঠী বিভক্তি বা 'র' বিভক্তির ব্যবহার– আমার যাওয়া হয়নি।

ঙ) সপ্তমী বিভক্তি বা 'এ' বিভক্তির ব্যবহার– গায়ে মানে না আপনি মোড়ল।

'য়' বিভক্তির ব্যবহার– ঘোড়ায় গাড়ি টানে।

'তে' বিভক্তির ব্যবহার– বুলবুলিতে ধান খেয়েছে।

### কর্মকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

ক) প্রথমা/শূন্য/অ বিভক্তির ব্যবহার– আমাকে একটি কলম দাও।

খ) দ্বিতীয়া বা 'কে' বিভক্তির ব্যবহার– তাকে যেতে বল।

'রে' বিভক্তির ব্যবহার- আমারে ভূতে পেয়েছে।

গ) ষষ্ঠী বা 'র' বিভক্তির ব্যবহার- তোমার দেখা পেলাম না।

ঘ) সপ্তমী বা 'এ' বিভক্তির ব্যবহার– বলিও কথা জনে জনে।

### করণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

ক) প্রথমা বা শূন্য বা 'অ' বিভক্তির ব্যবহার- ছেলেরা বল খেলে।

খ) তৃতীয়া বা 'দ্বারা' বিভক্তির ব্যবহার- কলম দ্বারা লেখা হয়।

'দিয়া' বিভক্তির ব্যবহার– মন দিয়ে পড়।

গ) সপ্তমী বা 'এ' বিভক্তির ব্যবহার- ফুলে ফুলে ঘর ভরেছে।

'তে' বিভক্তির ব্যবহার– লোকটা জাতিতে বৈষ্ণব।

'য়' বিভক্তির ব্যবহার- এ সুতায় কাপড় হয় না।

### সম্প্রদান কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

ক) চতুর্থী বা 'কে' বিভক্তির ব্যবহার- বস্ত্রহীনকে কাপড় দাও।

খ) সপ্তমী বা 'এ' বিভক্তির ব্যবহার- সমিতিতে চাঁদা দাও।

### অপাদান কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

ক) প্রথমা বা শূন্য বা 'অ' বিভক্তির ব্যবহার- বোঁটা আলগা ফল গাছে থাকে না।

খ) দ্বিতীয়া বা 'কে' বিভক্তির ব্যবহার- ভাইয়াকে বড্ড ভয় পাই।

গ) ষষ্ঠী বা 'এর' বিভক্তির ব্যবহার- যেখানে বাঘের ভয়, সেখানে রাত হয়।

ঘ) সপ্তমী বা 'এ' বিভক্তির ব্যবহার- লোকমুখে শুনেছি সে কথা। 'য়' বিভক্তির ব্যবহার- টাকায় টাকা হয়।

### অধিকরণ কারকে বিভিন্ন বিভক্তির ব্যবহার

ক) প্রথমা বা শূন্য বা 'অ' বিভক্তির ব্যবহার- বাবা বাড়ি নেই।

খ) তৃতীয়া 'বা' দিয়ে বিভক্তির ব্যবহার- খিলিপান দিয়ে ঔষধ খাবে। (এখানে খিলিপানের ভিতর ঔষধ দিয়ে খাওয়াকে বোঝানো হয়েছে।)

গ) পঞ্চমী বা 'থেকে' বিভক্তির ব্যবহার- বাড়ি থেকে নদী দেখা যায়।

ঘ) সপ্তমী বা 'তে' বিভক্তির ব্যবহার- এ বাড়িতে কেউ থাকে না।



## এক কথায় উত্তর

১. **বিভক্তি কয় প্রকার?**

**উত্তর:** ২ প্রকার।

২. **তৃতীয়া বিভক্তির বিভক্তি চিহ্ন কী?**


**উত্তর:** দ্বারা/দিয়ে/কর্তৃক।

৩. **শব্দ বিভক্তি কয় প্রকার?**

**উত্তর:** ৭ প্রকার।

৪. **মাসুদ বই পড়ে। বাক্যে 'মাসুদ' কোন বিভক্তির উদাহরণ?**

**উত্তর:** প্রথমা বা শূন্য বিভক্তি।



## Teacher's Work

১. **কোন ক্ষেত্রে বিভক্তির প্রয়োজন হয়?** [সহকারী থানা শিক্ষা অফিসার'০৯]
ক. কারক খ. সন্ধি
গ. প্রকৃতি ঘ. সমাস **ক**

২. **বিভক্তি প্রধানত কত প্রকার?** [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার'২২; ঢাবি (খ-ইউনিট)'০১-০২]
ক. ২ প্রকার খ. ৩ প্রকার
গ. ৫ প্রকার ঘ. ৪ প্রকার **ক**

৩. **নিচের কোনটি বিভক্তি নয়?** [সওজের কার্যসহকারী'২২]
ক. দ্বারা খ. থেকে
গ. চেয়ে ঘ. পর্যন্ত **ঘ**

৪. **'শিকারি বিড়াল গোঁফে চেনা যায়'। এই বাক্যে 'গোঁফে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. করণে সপ্তমী খ. সম্প্রদানে সপ্তমী
গ. অধিকরণে সপ্তমী ঘ. কর্মে সপ্তমী **ক**

৫. **'তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে' এখানে 'জলে' শব্দটির কারক ও বিভক্তি কোনটি?**
ক. কর্মে শূন্য খ. করণে সপ্তমী
গ. কর্মে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী **খ**

৬. **'আমি কি ডরাই সখি ভিখারি রাঘবে' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্মে ২য়া খ. অপাদানে ৭মী
গ. করণে ৭মী ঘ. অপাদানে ৫মী **খ**

৭. **'বিপদে মোরে রক্ষা কর এ নহে মোর প্রার্থনা' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. করণে সপ্তমী খ. অপাদানে পঞ্চমী
গ. অপাদানে সপ্তমী ঘ. কর্তায় শূন্য **গ**

৮. **'কান্নায় শোক কমে' বাক্যে 'কান্নায়' কোন কারক?**
ক. করণ কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক **ক**

# ছন্দ

ছন্দ কাব্যতত্ত্বের একটি পরিভাষা। রবীন্দ্রনাথের মতে, 'কথাকে তার জড়ধর্ম থেকে মুক্তি দেবার জন্যই ছন্দ।' ছন্দ কাব্যে এনে দেয় সংগীতের সুর লহরি। মাত্রা-নিয়মের যে বিচিত্রতায় কাব্যের ইচ্ছাটি বিশেষভাবে ধ্বনি-রূপময় হয়ে উঠে তাকেই ছন্দ বলে।

**প্রশ্ন: পঙ্ক্তি কী?**

**উত্তর:** কবিতার প্রত্যেকটি লাইনকেই ভিন্ন ভিন্ন পঙ্ক্তি হিসেবে ধরা হয়, এতে অর্থের পরিসমাপ্তি ঘটুক আর নাই ঘটুক।

যেমন–

'বুলেট ছুঁড়ে বুদ্ধিজীবী ছাত্র মারা
কৃষক বণিক দোকানী আর মজুর মারা
ঝাঁকে ঝাঁকে মানুষ মারা
খুবই সহজ।' – মোহাম্মদ মনিরুজ্জামান

(এখানে ৪টি পঙ্ক্তি)

**প্রশ্ন: অক্ষর কী?**

**উত্তর:** বাগযন্ত্রের ক্ষুদ্রতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা শব্দাংশের নাম অক্ষর। যেমন– 'মা' এক অক্ষর বিশিষ্ট শব্দ; 'মামা' দুই অক্ষর বিশিষ্ট শব্দ কিন্তু 'মাঠ' এক অক্ষর বিশিষ্ট শব্দ, কারণ মাঠ ব্যঞ্জনাত্মক শব্দ এবং তা ভেঙে উচ্চারণ করা যায় না। অক্ষর দুই প্রকার। যথা- মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর।

**মুক্তাক্ষর:** স্বরধ্বনি দিয়ে শেষ হওয়া বা স্বরধ্বনি যুক্ত অক্ষরকে মুক্তাক্ষর বলে।

যেমন– মামা, বাবা, মারা ইত্যাদি।

**বদ্ধাক্ষর:** ব্যঞ্জনধ্বনি দিয়ে শেষ হওয়া অক্ষরকে বদ্ধাক্ষর বলে। যেমন: বন, মাঠ, গাছ ইত্যাদি।

**প্রশ্ন: ছন্দ কী?**

**উত্তর:** সংস্কৃত ভাষায় 'ছন্দ' শব্দের অর্থ কাব্যের মাত্রা। কোনো কিছুর মধ্যে পরিমিতি ও শৃঙ্খলার সুষম ও যৌক্তিক বিন্যাসকে ছন্দ বলে।

**প্রশ্ন: বাংলা ছন্দ কত প্রকার?**

**উত্তর:** তিন প্রকার। যথা: ক) স্বরবৃত্ত, খ) মাত্রাবৃত্ত, গ) অক্ষরবৃত্ত।

**প্রশ্ন: স্বরবৃত্ত ছন্দ কাকে বলে?**

**উত্তর:** যে ছন্দ রীতিতে উচ্চারণের গতিবেগ বা লয় দ্রুত অক্ষরমাত্রই এক মাত্রার হয় তাকে স্বরবৃত্ত ছন্দ বলে। এ ছন্দের মূল পর্বের মাত্রা সংখ্যা চার। এ ছন্দকে দলবৃত্ত বা লৌকিক ছন্দ বা শ্বাসাঘাত ছন্দ বা ছড়ার ছন্দ বলে।

**উদাহরণ–**

বৃষ্টি পড়ে / টাপুর টুপুর / নদেয় এল / বান
(মাত্রা- ৪/৪/৪/১)
শিব ঠাকুরের / বিয়ে হলো / তিন কন্যে / দান
(মাত্রা ৪/৪/৪/১)

**প্রশ্ন: স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য কী কী?**

**উত্তর:** ক) মূল পর্বে মাত্রা সংখ্যা ৪।
খ) এ ছন্দের লয় দ্রুত।
গ) যে কোনো অক্ষর (মুক্তাক্ষর বা বদ্ধাক্ষর) একমাত্রার।

**উদাহরণ:** আড়াল = আ (১) + ড়াল (১) = ২ স্বর।

**প্রশ্ন: মাত্রাবৃত্ত ছন্দ কাকে বলে?**

**উত্তর:** যে কাব্য ছন্দে মূল পর্ব চার, পাঁচ, ছয় বা সাত মাত্রার হয় এবং যা মধ্যম লয়ে পাঠ করা হয় তাকে মাত্রাবৃত্ত ছন্দ বলে।

এ ছন্দকে বর্ণবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দ বা কলাবৃত্ত ছন্দ বলে।

**উদাহরণ–**

সোনার পাখি ছিল
সোনার খাঁচাটিতে
বনের পাখি ছিল
বনে -রবীন্দ্রনাথ ঠাকুর
(মাত্রা- ৭/৭/৭/২)

**প্রশ্ন: মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য কী কী?**

**উত্তর:** ক) মূল পর্বে মাত্রা সংখ্যা ৪, ৫, ৬, ৭ বা ৮ মাত্রার হয়।
খ) এ ছন্দে প্রধানত ৬ মাত্রার প্রচলন বেশি।
গ) অনুস্বর বা বিসর্গের পূর্ববর্তী স্বর দীর্ঘ।

**প্রশ্ন: অক্ষরবৃত্ত ছন্দ কাকে বলে?**

**উত্তর:** যে ছন্দে সকল প্রকার মুক্তাক্ষর একমাত্রাবিশিষ্ট এবং বদ্ধাক্ষর শব্দের শেষে দুই মাত্রা, কিন্তু শব্দের আদিতে এবং মধ্যে একমাত্রা ধরা হয় তাকে অক্ষরবৃত্ত ছন্দ বলে। একে যৌগিক বা কলামাত্রিক ছন্দ বলে।

**উদাহরণ:**

মরিতে চাহিনা আমি / সুন্দর ভুবনে (৮+৬)
মানবের মাঝে আমি / বাঁচিবারে চাই (৮+৬)
-রবীন্দ্রনাথ ঠাকুর

**প্রশ্ন: অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য কী কী?**

**উত্তর:** ক) মূল পর্বে মাত্রা সংখ্যা ৮ বা ১০ মাত্রার হয়।
খ) এ ছন্দে লয় ধীর বা মধ্যম।
গ) এ ছন্দে শব্দের আদি ও মধ্যে বদ্ধাক্ষর একমাত্রা এবং শব্দের শেষে দুই মাত্রা হয়।
ঘ) এ ছন্দে সংযুক্ত বা অসংযুক্ত অক্ষর সমান ধরা হয়।

**উদাহরণ:** কেষ্টা = কে (১) + ষ্টা (১) = ২ অক্ষর।

**✪ বিভিন্ন ছন্দে মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর এর মাত্রা:**

| ছন্দ | মুক্তাক্ষর | বদ্ধাক্ষর |
|---|---|---|
| স্বরবৃত্ত | একমাত্রা | একমাত্রা |
| মাত্রাবৃত্ত | | দুইমাত্রা |
| অক্ষরবৃত্ত | | দুই মাত্রা। তবে শব্দের প্রথমে ও মধ্যে থাকলে একমাত্রা। |

**প্রশ্ন: পয়ার কী?**

**উত্তর:** যে ছন্দের মূল বর্গের অক্ষর সংখ্যা ১৪টি তাকে পয়ার বলে।

**প্রশ্ন: অমিত্রাক্ষর ছন্দ (Blank Verse) কাকে বলে?**

**উত্তর:** কবিতার পঙ্ক্তির শেষে মিলহীন ছন্দকে অমিত্রাক্ষর ছন্দ বলে। অমিত্রাক্ষর ছন্দের কবিতায় চরণের অন্ত্যমিল থাকে না। ছন্দ পয়ারের অপর রূপ। প্রতি পঙ্ক্তিতে ১৪ অক্ষর থাকে, যা ৮+৬ পর্বে বিভক্ত। একে প্রবাহমান অক্ষরবৃত্ত ছন্দও বলে।

**উদাহরণ–**

সম্মুখ-সমরে পড়ি, বীর চূড়ামণি
বীর বাহু চলি যবে গেলা যমপুরে
অকালে, কহ, হে দেবি অমৃতভাষিণী,
কোন বীরবরে রবি সেনাপতি পদে,
পাঠাইলা, রণে পুনঃ রক্ষঃকুলনিধি
রাঘবারি।
-মাইকেল মধুসূদন দত্ত

**প্রশ্ন: বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের ও সনেটের কে প্রচলন ঘটান?**

**উত্তর:** মাইকেল মধুসূদন দত্ত। সনেটে মধুসূদনের প্রবল দেশপ্রেম প্রকাশ পেয়েছে।

**প্রশ্ন: স্বরাক্ষরিক ছন্দের প্রবর্তক কে?**

**উত্তর:** সত্যেন্দ্রনাথ দত্ত।

**প্রশ্ন: সনেট বা চতুর্দশপদী কবিতা কাকে বলে?**

